হরিণাকুণ্ডুতে সচেতনতা মূলক প্রশিক্ষণ ও চেক বিতরণ অনুষ্ঠিত

বয়স ১৮ না হলে বিবাহ নয় এই শর্ত পূরণকৃত কিশোরীদের উদ্দেশ্যে দারিদ্র্য মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থানের সহয়তা প্রকল্প ২য় পর্যায়ে ঐতিহ্যবাহি শিক্ষা প্রতিষ্ঠান আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) অর্থায়নে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ, সঞ্চয় ও প্রণোদনা বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৫ নভেম্বর) দুপুরে অত্র বিদ্যালয়রে প্রধান শিক্ষক মাসুদুল হক টিটুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা বি.এম তারিক-উজ-জামান। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল বারী। অনুষ্ঠানে প্রশিক্ষণ কোর্স পরিচালনা করেন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মেহেদী হাসান ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা আমজাদ হোসেন।

প্রশিক্ষণ শেষে আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয় ও লালন একাডেমির ৩৩ জন শিক্ষার্থীর মাঝে সঞ্চয় ও প্রণোদনার চেক এবং শিক্ষা ও স্বাস্থ্য উপকরণ বিতরণ করা হয়।

কোটচাঁদপুরে কিশোরীদের সচেতনতা মূলক প্রশিক্ষণ ও প্রশিক্ষণ সামগ্রী বিতরণ

কিশোরীদের সচেতনতা মূলক প্রশিক্ষণ ও তাদের মাঝে প্রশিক্ষন সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার কোটচাঁদপুরের শেরখালী

মাধ্যমিক বিদ্যালয়ে এ অনুষ্ঠান করা হয়। দরিদ্র মহিলাদের জন্য সম্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো) এর আয়োজন করেন।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সেলিম রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড ঝিনাইদহের উপপরিচালক মোহাম্মদ মুক্তার হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে আবাসিক মেডিকেল অফিসার রমিজ উদ্দিন (তপু),সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা মোস্তাফিজুর রহমান, সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) আল-আমিন।

এ সময় ওই বিদ্যালয়ের দুই শতাধিক শিক্ষার্থী ও প্রকল্পের সদস্যরা। পরে তাদের মধ্যে প্রশিক্ষণ সামগ্রী বিতরণ করেন,অতিথিবৃন্দরা।

অনুষ্ঠানের প্রধান অতিথি মুক্তার হোসেন বলেন,স্কুল পর্যায় থেকে সঞ্চয়ী হিসাবে ছাত্রীদেরকে গড়ে তুলতে এ প্রকল্পের মাধ্যমে তাদের কাছ থেকে সঞ্চয় গ্রহন করা হচ্ছে।